# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজকর্ম প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ১ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট　　সৃজনশীল প্রশ্ন　　পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১▶ 'মানুষের জন্যে মানুষ'—এই দীক্ষায় দীক্ষিত যশোর চৌগাছার সাজিদুর রহমান যিনি একজন মহৎ হৃদয়ের মানুষের উজ্জ্বল দৃষ্টান্ত। কীর্তিমান পরোপকারী এ মানুষটি দীর্ঘ ২৭ বছরে বহুবার স্বেচ্ছায় রক্ত দিয়েছেন। এছাড়া বর্তমানে 'সাজিদ ওয়েলফেয়ার ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা' হিসেবে রক্ত পরীক্ষা, ওষুধ বিতরণ, ফ্রি অ্যাম্বুলেন্স সার্ভিস এবং পানির কল স্থাপনসহ বিভিন্ন সমাজহিতকর কর্মকাণ্ড পরিচালনা করেন।

ক. সমাজকর্ম কয়টি প্রক্রিয়ায় সেবাদান করে থাকে? ১

খ. ওয়ার্নার ডব্লিউ বোহেমের মতে, সমাজকর্মের মৌলিক লক্ষ্যগুলো উল্লেখ করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সাজিদুর রহমানের কর্মকাণ্ড কোন বিষয়ের আওতাভুক্ত? বর্ণনা করো। ৩

ঘ. 'বাংলাদেশের সার্বিক সামাজিক উন্নয়নে উদ্দীপকের উক্ত বিষয়টি পাঠের কোনো বিকল্প নেই।' পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

২▶ নিজ শ্রম আর একটি এনজিওর সহযোগিতায় মাহমুদ হাসান তার এলাকার কুটির শিল্পকে বিশ্ব বাজারে স্থান দিতে চেয়েছিলেন। কিন্তু তা আর হলো না। একই এলাকার ব্যবসায়ী সাইফুল সাহেব যন্ত্রচালিত একটি গার্মেন্টস কারখানা তৈরি করায় কুটির শিল্পের কাজ বন্ধ হয়ে যায়। এ কারখানায় অনেকের কাজের সুযোগ হলেও প্রয়োজনীয় দক্ষতার অভাবে অনেক শ্রমিকই উন্নয়ন প্রক্রিয়ায় অংশ নিতে পারছে না। আবার প্রতিদিন শোনা যাচ্ছে যন্ত্রের আঘাতে কোনো না কোনো শ্রমিক আহত হয়ে উপার্জনের ক্ষমতাই হারিয়ে ফেলেছেন। এলাকার দরিদ্র শিশুরা পড়াশুনা বন্ধ করে সামান্য রোজগারের আশায় কাজে যোগ দিচ্ছে এ কারখানায়। সবচেয়ে বড় কথা হলো যন্ত্রচালিত এ কারখানায় কাজ করতে গিয়ে মানুষগুলো যন্ত্রচালিত রোবটের মতো আচরণ করছে।

ক. কত সালে বিভারিজ রিপোর্ট পেশ করা হয়? ১

খ. ১৬০১ সালের দরিদ্র আইনে কাদেরকে সক্ষম দরিদ্র বলা হতো? ২

গ. উদ্দীপকে কীসের কোন ধরনের প্রভাব বর্ণনা করা হয়েছে? সমাজজীবনে এ ধরনের আর কী কী প্রভাব লক্ষ করা যায়? ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত প্রভাব মোকাবিলায় আধুনিক সমাজকর্মের বিকাশ হয়েছে — তুমি কি বিষয়টির সাথে একমত? যুক্তি দাও। ৪

৩▶ আমেরিকার জাতীয় সমাজকর্মী সমিতিসমূহের প্রতিনিধি সম্মেলনে সুনির্দিষ্ট কতকগুলো নীতিমালা আনুষ্ঠানিকভাবে গৃহীত হয়। ১৯৬৭ সালে এ সকল নীতিমালায় কিছু সংস্কার করা হয়। যা পরবর্তীতে আবার সংশোধন করা হয়।

ক. কত সালে সমাজবিজ্ঞানী Green wood সমাজকর্মকে পূর্ণাঙ্গ হিসেবে দাবি করেন? ১

খ. সমাজের সামগ্রিক ও সুষম উন্নয়নে পেশাদার সমাজকর্ম কীভাবে কাজ করছে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সম্মেলনে যেসব নীতিমালাসমূহ প্রণীত হয় তার মধ্যে প্রধান প্রধান কয়েকটি নীতিমালা উল্লেখ করো। ৩

ঘ. উক্ত শোধিত নীতিমালার মধ্যে হতে যেকোনো দুটির বিস্তারিত আলোচনা করো। ৪

Teachingbd.com

৪ ▶ বরিশাল বিভাগের বৃহত্তর ভোলা জেলার চর ফ্যাশন, চর জব্বার এ রকম প্রায় পাঁচ-পাঁচটি চরের কয়েক হাজার মানুষ বর্তমান যুগে এসেও শিক্ষার আলো থেকে বঞ্চিত। জন্মের পর থেকে এখানকার কোমলপ্রাণ শিশুরা জেলের খাতায় নিজেদের নাম লেখাতে বাধ্য হয়। টিভি রিপোর্টে এ নিয়ে খবর প্রকাশিত হলে বিদেশি অক্সফাম নামের একটি এনজিও ঐসব এলাকায় শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচি চালু করে। তাদের এ কর্মসূচিতে ছিল প্রাইমারি স্কুল প্রতিষ্ঠা, নৈশ বিদ্যালয় স্থাপন, আধুনিক কৃষি পদ্ধতি সম্পর্কে শিক্ষাদান ও নানা ধরনের কাজের প্রশিক্ষণ কর্মসূচি। কিছুদিনের মধ্যে ঐসব এলাকার মানুষের জীবনযাত্রার মানে আসে পরিবর্তন এবং তারা এখন আধুনিক দৃষ্টিভঙ্গিসম্পন্ন।

ক. সামাজিক আন্দোলন কী? ১

খ. সমাজসংস্কার ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের চরগুলোতে সমাজকর্মের সাথে সম্পর্কিত কোন প্রত্যয়টির ছোঁয়া লেগেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত প্রত্যয়টির উদ্দেশ্য সমাজকর্মের উদ্দেশ্যের সাথে একই সূত্রে গাঁথা— মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

৫. রংপুরের পায়রাবন্দ গ্রামে জমিদার পরিবারে এক মহিয়সী নারীর জন্ম হয়। তিনি ছিলেন বাঙালি মুসলিম নারীমুক্তি আন্দোলনের অগ্রদূত। ১৯৩২ সালের ৯ ডিসেম্বর তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

ক. সরকারি সাহায্যে কত সালে কলকাতায় মুসলিম মহিলা ট্রেনিং স্কুল প্রতিষ্ঠিত হয়? ১

খ. সতীদাহ প্রথার ভয়াবহতা সম্পর্কে ধারণা দাও। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মহিয়সী নারীর ব্যক্তিগত জীবনের বর্ণনা দাও। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত নারী ছিলেন বাঙালি মুসলিম সমাজে নারী মুক্তি আন্দোলনের অগ্রদূত— বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৬ ▶ তাজরীন গার্মেন্টস এর অগ্নিকাণ্ডের খবর পেয়ে মুহূর্তের মধ্যে বেরিয়ে পড়েন সমাজকর্মী নিলয়। অগ্নিকাণ্ডের লেলিহান শিখায় যেভাবে গার্মেন্টসকর্মীরা পুড়েছিলেন তা দেখে তিনি আর স্থির থাকতে পারলেন না। তাই তার সহযোগী কর্মীদের নিয়ে আগুন নেভানোর কাজে, উদ্ধার কাজে চিকিৎসা প্রদানের কাজে ব্যস্ত রাখলেন নিজেদেরকে। অগ্নিকাণ্ড থেকে বেঁচে যাওয়া আহত মানুষগুলো যাতে পুনরায় সমাজে পুনর্বাসিত হতে পারে সেজন্যও উদ্যোগ নিলেন জনাব নিলয়।

ক. আইন পেশা কাকে বলে? ১

খ. 'সমাজকর্ম পেশায় জ্ঞান ও দক্ষতার ভিত্তি বহুমাত্রিক'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে সমাজকর্মের সাথে কোন পেশার সম্পর্ক পরিলক্ষিত হচ্ছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সমাজকর্মের লক্ষ্যার্জনে উক্ত পেশার গুরুত্ব অপরিসীম'— বিশ্লেষণ করো। ৪

৭ ▶ নিরক্ষরতা দূরীকরণের লক্ষ্যে এক সমাজকর্মী কিছু শিক্ষিত বেকার যুবকদের নিয়ে একটি কমিটি গঠন করেছেন। এ কমিটি তাদের এলাকার

http://teachingbd.com

সাংসদের কাছে একটি আবেদন জানিয়েছে, যাতে তারা তাদের কার্যক্রম পরিচালনার জন্য আর্থিক এবং কারিগারি সহায়তা পান। সরকারের কাছ থেকে এ ব্যাপারে ইতিবাচক সাড়া পাবেন বলে তাদের বিশ্বাস।

ক. সমাজকল্যাণ প্রশাসন কী? ১

খ. সমাজকল্যাণ প্রশাসনের লক্ষ্য কী? লেখো। ২

গ. উদ্দীপকে বর্ণিত সমাজকর্মী সমস্যা মোকাবিলায় কোন পদ্ধতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত পদ্ধতি প্রয়োগ ও বাস্তবায়নের ক্ষেত্রে কোন বিষয়গুলো জড়িত বলে তোমার মনে হয়? ৪

**৮▶** ৮ম শ্রেণির ছাত্র রাসেলের জন্য তার বাবা একটি ল্যাপটপ কিনে আনায় অবাক হলো রাসেলের দাদিমা। এত ছোট বয়সে কম্পিউটার চালাবে এটা ভাবতেই তার কষ্ট হচ্ছে। রাসেলের বাবা-তার মাকে বলল, বিশ্বের সাথে তাল মিলাতে হবে এর প্রয়োজন রয়েছে। তাছাড়া রাসেল যাতে ছোট বয়স থেকে দায়িত্বশীল ও কর্তব্যপরায়ণ হয়ে গড়ে ওঠে সেজন্য তার মতামতের প্রতিও আমাদের গুরুত্ব দিয়ে হবে।

ক. বার্ষিক পরিকল্পনার কর্মসূচি বাস্তবায়নে অগ্রগতি নির্ণয়ে কত মাস পরপর মনিটরিং করা হয়ে থাকে? ১

খ. প্রেক্ষিত বা স্থায়ী এবং ঘূর্ণায়মান পরিকল্পনা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকটি বাংলাদেশ সরকারের গৃহীত কোন নীতিটির ইঙ্গিত দিচ্ছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত নীতিটি শিক্ষা ও বিনোদনমূলক কার্যক্রমের গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে— মতামত দাও। ৪

**৯▶** সদ্য স্বাধীনতাপ্রাপ্ত 'ক' নামক রাষ্ট্রটির নানা ধরনের আর্থসামাজিক সমস্যা মোকাবিলায় সমাজকর্ম শিক্ষার প্রয়োজনীয়তা অনুভব করে। দেশটি এ অনুভূতি থেকেই একটি সংগঠন গড়ে তোলে যেখানে খ্রিষ্টান মিশনারীদের নিয়োগ দেওয়া হয়। তারাই এ দেশটিতে সমাজকর্মকে পেশায় রূপদান করে। তবে এক্ষেত্রে তারা নানা সমস্যার সম্মুখীন হয় এবং আরও দক্ষ কর্মী গড়ে তোলার প্রয়োজনীয়তা অনুভূত হয়। এ সমস্যা সমাধানে দেশটিতে সরকারি উদ্যোগ গ্রহণ করা হলেও সমাজকর্মের বিকাশের জ্ঞান অর্জনে দেশটি সম্পূর্ণভাবেই অন্য দেশের ওপর নির্ভরশীল হয়ে পড়ে।

ক. ব্যক্তি সমাজকর্ম পদ্ধতির উদ্ভাবক কে? ১

খ. অস্ট্রেলিয়ার সমাজকর্ম শিক্ষা কারিকুলামে কোনটিকে বিশেষ গুরুত্ব দেওয়া হয় এবং কেন? ২

গ. উদ্দীপকের 'ক' নামক দেশটির সমাজকর্ম শিক্ষা বিকাশের সাথে কোন দেশের সমাজকর্ম শিক্ষা বিকাশের সাদৃশ্য পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. সমাজকর্ম বিকাশের জ্ঞান অর্জনে 'ক' রাষ্ট্রটির অন্য দেশের প্রতি নির্ভরশীলতা উক্ত দেশটির ক্ষেত্রে প্রযোজ্য কিনা মতামত প্রদান করো। ৪

http://teachingbd.com

## সমাজকর্ম প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: ২ ৭ ১

সময় — ৪০ মিনিট  পূর্ণমান — ৪০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **কোন সমাজের জটিল আর্থ-সামাজিক ও মানসিক সমস্যা নিয়ন্ত্রণের লক্ষ্যে সমাজকর্মের উদ্ভব?**
ক) সনাতন  খ) আধুনিক
গ) প্রাচীন  ঘ) শিল্পবিপ্লবোত্তর

২. **সমাজকর্ম সমাজকল্যাণ ব্যবস্থার কোন ধরনের প্রক্রিয়া?**
ক) সংগঠিত প্রক্রিয়া  খ) অসংগঠিত প্রক্রিয়া
গ) বৈজ্ঞানিক প্রক্রিয়া  ঘ) মৌল প্রক্রিয়া

৩. **কোনটি সমাজকর্মের অন্যতম লক্ষ্য?**
ক) সমাজের অনাকাঙ্ক্ষিত সমস্যা দূর করা
খ) জনগোষ্ঠীকে দক্ষ জনশক্তিতে রূপান্তর করা
গ) সমাজে সুষ্ঠু পরিকল্পনা প্রণয়ন করা
ঘ) রাষ্ট্রীয় নীতি বাস্তবায়ন করা

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**

সমাজে বিদ্যমান বিভিন্ন সমস্যা যেমন— দারিদ্র্য, নিরক্ষরতা, অজ্ঞতা, বেকারত্ব জনসংখ্যাস্ফীতি, অপরাধ, কিশোর অপরাধ এগুলো মোকাবিলায় সমাজকর্ম প্রতিকার, প্রতিরোধ ও উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করে। পাশাপাশি পশ্চাৎপদ জনগোষ্ঠীর আর্থসামাজিক কল্যাণ ও উন্নয়নের জন্য চাহিদাভিত্তিক সেবা কার্যক্রম পরিচালনা করে থাকে।

৪. **অনুচ্ছেদে সমাজকর্মের কোন বিষয়টি ফুটে উঠেছে?**
ক) গুরুত্ব  খ) বৈশিষ্ট্য
গ) পরিধি  ঘ) লক্ষ্য ও উদ্দেশ্য

৫. **সমাজকর্মের উক্ত বিষয়টি সম্পর্কে সঠিক তথ্য হলো—**
i. সামাজিক নীতি প্রণয়ন ও যথাযথ বাস্তবায়ন করে
ii. পেশাদার সমাজকর্মী সৃষ্টিতে সহায়তা করে
iii. সহায়ক পদ্ধতি হিসেবে সামাজিক গবেষণাকে অন্তর্ভুক্ত করে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

৬. **কোন আইনকে বর্তমান বিশ্বের আধুনিক ও পেশাদার সমাজকর্মের ভিত্তি হিসেবে বিবেচনা করা হয়?**
ক) দরিদ্র আইন ১৬০১
খ) দরিদ্র সংস্কার আইন ১৮৩৪
গ) ১৯০৯ সালের শ্রমিক বিনিয়োগ আইন
ঘ) বেকারত্ব আইন ১৯৩৪

৭. **১৮৩৪ সালের দরিদ্র আইন সৃষ্টি হয়েছিল মূলত—**
i. দরিদ্র আইনের তীব্র বিরোধিতা ও অসন্তোষের প্রেক্ষিতে
ii. দরিদ্র আইন প্রশাসন ও প্রয়োগ ব্যবস্থার বাস্তবতা তদন্ত সাপেক্ষে রাজকীয় কমিটি দ্বারা
iii. Nassau W Senior ও Edwin Chadwick-এর কমিটির সুপারিশের প্রেক্ষিতে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

৮. **বিভারিজ মানবসমাজে অগ্রগতির প্রধান অন্তরায় হিসেবে কয়টি দৈত্যের কথা উল্লেখ করেছেন?**
ক) তিনটি  খ) চারটি
গ) পাঁচটি  ঘ) ছয়টি

৯. **এশিয়ার কোন দেশে প্রথম শিল্প বিপ্লব ঘটে?**
ক) দক্ষিণ কোরিয়ায়  খ) চীনে
গ) জাপানে  ঘ) সিঙ্গাপুরে

১০. **শিল্প বিপ্লবের মূল ভিত্তি হলো—**
i. যান্ত্রিক পদ্ধতি উদ্ভাবন
ii. নতুন প্রযুক্তি উদ্ভাবন
iii. পুরোনো পদ্ধতি ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১১. **বৃত্তি বলতে মূলত কোনটিকে বোঝায়?**
ক) অর্থনৈতিক কর্মকাণ্ডকে
খ) বুদ্ধিবৃত্তিক যোগ্যতাকে
গ) কর্ম সম্পাদনে দায়িত্বশীলতাকে
ঘ) আত্মনির্ভরশীলতাকে

১২. **পেশার মূল দিক কোনটি?**
ক) জীবনধারণের জন্য অর্থনৈতিক কর্মকাণ্ড
খ) বুদ্ধিবৃত্তিক প্রশিক্ষণের মাধ্যমে জীবিকা অর্জন
গ) ব্যবহারিক জ্ঞানের বাস্তব সমন্বয়
ঘ) বিশেষ জ্ঞানার্জন

১৩. **প্রত্যেকটি পেশারই পেশাগত প্রতিষ্ঠান বিদ্যমান থাকার কারণ—**
i. পেশার সামগ্রিক উন্নয়নের জন্য
ii. স্বার্থ সংরক্ষণের জন্য iii. পেশার প্রচারণার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১৪. **মূল্যবোধ কী?**
ক) শক্তির অন্তর্নিহিত মূল্য
খ) আদর্শের অন্তর্নিহিত মূল্য
গ) বিশ্বাসের অন্তর্নিহিত মূল্য
ঘ) আচরণের কৌশল

১৫. **ব্যক্তির অন্তর্নিহিত মূল্য ও মর্যাদার যথাযথ স্বীকৃতি প্রদান করা হলে—**
i. ব্যক্তির মধ্যকার সুপ্ত প্রতিভার বিকাশ সাধিত হয়
ii. ব্যক্তির মধ্যে কর্মবিমুখতার মনোভাব সৃষ্টি হয়
iii. ব্যক্তির মধ্যে আত্মবিশ্বাসের সৃষ্টি হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১৬. **বর্তমানে সারাবিশ্বে সমাজকল্যাণ ব্যবস্থার কয়টি ধারা প্রচলিত রয়েছে?**
ক) একটি  খ) দুইটি
গ) তিনটি  ঘ) চারটি

১৭. **সমাজকল্যাণের লক্ষ্যসমূহ বহুমুখী ও সুদূর প্রসারী হয়ে থাকে—**
i. সমাজকাঠামোর বিভিন্নতার পরিপ্রেক্ষিতে
ii. সামাজিক অবস্থার বিভিন্নতার পরিপ্রেক্ষিতে
iii. সমৃদ্ধ সমাজ গঠনের পরিপ্রেক্ষিতে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১৮. **কয় শ্রেণির সম্পদের ওপর জাকাত দান ফরজ?**
ক) দুই  খ) তিন
গ) চার  ঘ) পাঁচ

Teachingbd.com

১৯. জামিল সাহেব জাকাত সঠিকভাবে আদায় করেন। তার জাকাত আদায়ের উদ্দেশ্য—
i. গরিবদের দান করা
ii. ফরজ বিধান আদায় করা
iii. দানশীলতা প্রকাশ করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓖ ii
ⓖ iii ⓖ ii ও iii

২০. কে সতীদাহ প্রথা আন্দোলনের পথিকৃৎ ছিলেন?
ⓚ রাজা রামমোহন রায় ⓖ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
ⓖ বেগম রোকেয়া ⓖ হাজী শরীয়তউল্লাহ

২১. Socius শব্দটি কোন ভাষার শব্দ?
ⓚ গ্রিক ⓖ ল্যাটিন
ⓖ হিব্রু ⓖ স্প্যানিশ

২২. গ্রিক শব্দ 'Anthropos'-এর অর্থ কী?
ⓚ মন বা আত্মা ⓖ মানুষ
ⓖ পাঠ ⓖ সমাজ

২৩. সমাজকর্মের মূল লক্ষ্য হলো—
i. মানুষের সুপ্ত প্রতিভার বিকাশ
ii. সামাজিক ভূমিকা পালন ক্ষমতার উন্নয়ন
iii. পরিবর্তিত পরিবেশের সঙ্গে সামঞ্জস্য বিধানে সহায়তা করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓖ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৪. নাগরিকতার জাতীয় বিষয় কোনটি?
ⓚ নির্বাচন ⓖ পৌরসভা
ⓖ ইউনিয়ন পরিষদ ⓖ সিটি কর্পোরেশন

২৫. 'Oikonomia' শব্দের অর্থ কী?
ⓚ গৃহ ব্যবস্থাপনা
ⓖ গৃহ পরিচালনার বিজ্ঞান
ⓖ সম্পদের বিজ্ঞান ⓖ অপ্রাচুর্যের বিজ্ঞান

২৬. সমস্যা সমাধান প্রক্রিয়ার কয়টি ধাপ আছে?
ⓚ তিনটি ⓖ চারটি
ⓖ পাঁচটি ⓖ ছয়টি

২৭. পারস্পরিক গ্রহণের মাধ্যমে ব্যক্তি সমাজকর্মে মক্কেল ও সমাজকর্মীর মাঝে কীসের সূচনা হয়?
ⓚ দ্বন্দ্বের ⓖ আন্তরিকতার
ⓖ পেশাগত সম্পর্কের ⓖ মনোমালিন্যের

২৮. কোনটির মাধ্যমে সাহায্যার্থীর গোপন তথ্য জানা সম্ভব হয়?
ⓚ র‍্যাপো ⓖ পারিবারিক সম্পর্ক
ⓖ সামাজিক সম্পর্ক ⓖ রাজনৈতিক সম্পর্ক

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:
প্যাথেড্রিনে আসক্ত রাসেল এখন সুস্থ। তবে সমাজকর্মী তাকে প্রতি মাসেই একবার তার সাথে দেখা করার পরমার্শ দিয়েছেন। তাই রাসেল প্রতি মাসেই উক্ত সমাজকর্মীর সাথে সাক্ষাৎ করেন।

২৯. রাসেলের সমাজকর্মীর সাথে সাক্ষাৎ করা সমস্যাগ্রস্ত ব্যক্তির সমস্যা সমাধান প্রক্রিয়ার কোন স্তরকে নির্দেশ করে? (প্রয়োগ)
ⓚ সমাধান ⓖ মূল্যায়ন
ⓖ অনুসরণ ⓖ প্রেরণ

৩০. সমাজকর্মীর উক্ত পরামর্শ প্রদানের উদ্দেশ্য—
i. শামীমকে ব্যস্ত রাখা
ii. পুনরায় প্যাথিড্রিনে আসক্ত হয় কিনা তা নিশ্চিত হওয়া
iii. আসক্ত হলে পুনরায় নিরাময় কেন্দ্রে পাঠানো
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓖ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৩১. ২০১০-১২ সালের মধ্যে প্রাথমিক স্কুলে ভর্তি কত শতাংশ উন্নীত করা হবে?
ⓚ ১০০ শতাংশ ⓖ ৯০ শতাংশ
ⓖ ৮০ শতাংশ ⓖ ৭০ শতাংশ

৩২. জনসংখ্যানীতি অনুযায়ী কাকে প্রধান করে জাতীয় জনসংখ্যা পরিষদ গঠিত হয়েছে?
ⓚ মন্ত্রী ⓖ প্রতিমন্ত্রী
ⓖ প্রধানমন্ত্রী ⓖ রাষ্ট্রপতি

৩৩. জনসংখ্যা ও পরিবেশ কার্যক্রমের আওতায় রয়েছে—
i. সামাজিক বনায়ন কর্মসূচি শক্তিশালী করা
ii. একাডেমিক প্রশিক্ষণের ব্যবস্থা করা
iii. দূষণমুক্ত পরিবেশ সৃষ্টি করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓖ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৩৪. ২০১১ সালের আদমশুমারি অনুযায়ী বাংলাদেশে মোট কত কোটি জনসংখ্যা ছিল?
ⓚ ১২ কোটি ⓖ ১৩ কোটি
ⓖ ১৪ কোটি ⓖ ১৫ কোটি

৩৫. সামাজিক পরিকল্পনায় মূল প্রতিপাদ্য বিষয় কোনটি?
ⓚ সামাজিক অগ্রগতি
ⓖ সামাজিক অগ্রগতির লক্ষ্যার্জন
ⓖ সামাজিক বিপর্যয় রোধ
ⓖ সামাজিক অপরাধ চিহ্নিতকরণ

৩৬. জাতিসংঘের বিশেষজ্ঞ ড. জে মুর-এর রিপোর্টের প্রেক্ষিতে কোন শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে 'সমাজকল্যাণ কলেজ ও গবেষণাকেন্দ্র' প্রতিষ্ঠিত হয়?
ⓚ ১৯৫৫-১৯৫৬ ⓖ ১৯৫৭-১৯৫৮
ⓖ ১৯৫৮-১৯৫৯ ⓖ ১৯৬০-১৯৬১

৩৭. ১৯৫৮ সালে ঢাকা মেডিকেল কলেজে 'চিকিৎসা সমাজকর্ম' গড়ে ওঠে কীসের ওপর ভিত্তি করে?
ⓚ দল সমাজকর্ম
ⓖ সমষ্টি সমাজকর্ম
ⓖ ব্যক্তি সমাজকর্ম
ⓖ সমন্বিত সমাজকর্ম

৩৮. 'School of Social Science' ইংল্যান্ডে কোথায় প্রতিষ্ঠিত হয়?
ⓚ ম্যানচেস্টার ⓖ লিভারপুল
ⓖ বার্কিংহাম ⓖ লন্ডন

৩৯. শ্রীলঙ্কায় সমাজকর্মে যে মাঠকর্ম প্রশিক্ষণ বিদ্যমান তা পরিচালিত হয়—
i. মাঠকর্ম সমন্বয়ের মাধ্যমে
ii. মানুষের আচরণ-অনুধাবনের মাধ্যমে
iii. School of Social Work এর মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓖ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৪০. চীনে সর্বপ্রথম সমাজকর্ম শিক্ষার বিকাশ হয় কত সালে?
ⓚ ১৯১০ সালে ⓖ ১৯২০ সালে
ⓖ ১৯৩০ সালে ⓖ ১৯৪০ সালে

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ ঘ | ২ ক | ৩ ঘ | ৪ ক | ৫ ঘ | ৬ ক | ৭ খ | ৮ গ | ৯ গ | ১০ ক | ১১ ক | ১২ খ | ১৩ ক | ১৪ গ | ১৫ খ | ১৬ খ | ১৭ ক | ১৮ ঘ | ১৯ ক | ২০ ক |
| ২১ খ | ২২ খ | ২৩ ঘ | ২৪ ক | ২৫ ক | ২৬ গ | ২৭ গ | ২৮ ক | ২৯ গ | ৩০ খ | ৩১ ক | ৩২ গ | ৩৩ গ | ৩৪ গ | ৩৫ খ | ৩৬ গ | ৩৭ গ | ৩৮ ঘ | ৩৯ গ | ৪০ খ |

Teachingbd.com